ক্রমিক নং-

বিসমিল্লাহির রাহমানির রাহিম

প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

برائم اسلامی لائف انشورنس لمیتید

Prime Islami Life Insurance Limited

আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন

প্রধান কার্যালয় : গাউছেপাক ভবন (১৪ তলা), ২৮/জি/১, টয়েনবি সার্কুলার রোড
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, ফোন: ৪১০৭০১৮০-৮৩, ফ্যাক্স: ৮৮-০২-৪১০৭০১৭৯
E-mail: pilil@primeislamilife.com, website: primeislamilife.com

জীবন বীমা দলিল

প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড (অতঃপর "কোম্পানী" নামে অভিহিত) এই তফসিলে বর্ণিত অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-র নিকট থেকে তফসিলে উল্লেখিত তারিখে স্বাক্ষরিত প্রস্তাবপত্র ও সুস্পষ্ট ঘোষণাপত্র প্রাপ্তির প্রেক্ষিতে উক্ত প্রস্তাবপত্র ও ঘোষণাপত্রকে এই পলিসির মূল ভিত্তি গণ্য করে তফসিলে বর্ণিত নির্ধারিত একক প্রিমিয়াম এবং অনেকগুলো কিস্তিতে পরিশোধযোগ্য পলিসির প্রথম প্রিমিয়াম ও পরবর্তী প্রিমিয়াম-এর কিস্তিসমূহ নিয়মিত ও সময়মত প্রদান করে পলিসি চালু রাখা সাপেক্ষে এবং তফসিলের শর্তাবলী ও কোম্পানী কর্তৃক গৃহীত পৃষ্ঠাংকন (যদি থাকে) এবং বিধান সাপেক্ষে এতদ্বারা তফসিলে "প্রাপক" হিসাবে উল্লেখিত ব্যক্তি (গণ)কে তফসিলে বর্ণিত প্রদেয় সুবিধাদি পরিশোধের অঙ্গীকার করছে।

স্বাক্ষরের স্থান .... তারিখ ....

প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড এর পক্ষে

মুখ্য নির্বাহী কর্মকর্তা

সাধারণ সুবিধা ও শর্তাবলী

(ক) সাধারণ নীতিমালা (General Principles)

১) প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড-এর সার্বিক ব্যবস্থাপনা ও কার্যক্রমে অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা) গণের মধ্যে ভ্রাতৃত্ববোধ, সংহতি ও পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে শরীয়াহ্ সম্মত ও অনুমোদিত পন্থায় মানব কল্যাণের মহান উদ্দেশ্যে পরিচালিত।

২) ব্যক্তিগত প্রয়োজনে কিংবা পরিবারের সদস্যদের আর্থিক নিরাপত্তা বিধানের উদ্দেশ্যে, যৌথ নিশ্চয়তা ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে ইসলামী জীবনবীমার স্কীমসমূহ প্রণীত হয়েছে।

৩) কোম্পানীর আর্থিক ব্যবস্থাপনায় শরীয়াহ্ অনুমোদিত বিধানাবলী বাস্তবায়নের লক্ষ্যে অংশগ্রহণকারীদের কিস্তিতে প্রদত্ত প্রিমিয়াম দু'টি পৃথক হিসাবে জমা করা হবে, যথাঃ

(ক) অংশগ্রহীতার হিসাব (মুদারাবা)।

(খ) অনুদান হিসাব (তাবাররু)।

৪) ইসলামী বীমার স্কীমসমূহে অংশগ্রহণকারীদের কেউ বীমা পলিসির মেয়াদের পূর্বে মৃত্যুবরণ করলে অনুদান (তাবাররু) হিসাবে সঞ্চিত অর্থ থেকে আর্থিক নিরাপত্তা বিধান করা হবে।

৫) প্রচলিত বীমা আইন অনুযায়ী কোম্পানীর ব্যবসা সংগ্রহ ব্যয় গ্রাহকের মুদারাবা অংশ থেকে নির্বাহ করা যাবে।

৬) এই বীমা দলিলের শর্তাবলীর কোন শর্ত সম্পর্কে যদি কখনও কোনরূপ মতবিরোধ বা সমস্যা পরিলক্ষিত হয় সেক্ষেত্রে দেশের প্রচলিত বীমা আইন ও বিধির আলোকে কোম্পানীর শরীয়াহ্ কাউন্সিল-এর পরামর্শক্রমে তা নিষ্পত্তি করা হবে।

(খ) সাধারণ সুবিধা সমূহ (General Privileges)

১) সম্ভাব্য আর্থিক অনটন মেটানোর লক্ষ্যে নির্দিষ্ট মেয়াদের জন্য নিয়মিত সঞ্চয় ব্যবস্থা।

২) ভবিষ্যতের আর্থিক প্রয়োজন মেটানোর উদ্দেশ্যে শরীয়াহ্ নীতি অনুসারে বিনিয়োগের ব্যবস্থা।

৩) নির্দিষ্ট মেয়াদের পূর্বে স্কীমে অংশগ্রহণকারীর মৃত্যু হলে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে উত্তরাধিকারীদের আর্থিক নিরাপত্তা বিধানের ব্যবস্থা।

৪) নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত অংশগ্রহণকারী জীবিত থাকলে পরিকল্পের মেয়াদ অনুসারে অংশগ্রহীতার হিসাবে জমাকৃত অর্থ ও মুনাফার অংশ প্রাপ্তির নিশ্চয়তা।

(গ) অন্যান্য সুবিধা ও শর্তাবলী (Other Privileges and Conditions)

১) **পলিসির কার্যকারিতা (Validity of Policy)** ঃ কোম্পানী কর্তৃক ঝুঁকি গ্রহণ করার দিন থেকে দলিলের কার্যকারিতা শুরু হবে। একক বা নিয়মিত কিস্তিতে প্রদেয় প্রথম প্রিমিয়াম যেটাই হোক না কেন ঝুঁকি শুরুর তারিখেই তা প্রদেয় ও পরিশোধযোগ্য হবে।

২) **বীমা পলিসির অপ্রতিবাদযোগ্যতা (Incontestability)** ঃ পলিসির কার্যকারিতা শুরু দিন হতে বীমাটি দু'বছর চালু থাকার পর বীমাপত্রটি অপ্রতিবাদযোগ্য বলে গণ্য হবে। তবে অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা) উদ্দেশ্যমূলকভাবে কোন গুরুত্বপূর্ণ তথ্য গোপন করে থাকলে অথবা কোন প্রকার শঠতা/প্রতারণার আশ্রয় নিলে এ সুবিধা প্রযোজ্য হবে না।

৩) **ভ্রমণ, বাসস্থান এবং পেশা (Travel, Residence and Occupation)** ঃ বীমা আইনের বিধান, সিডিউলভূক্ত বিশেষ শর্তাবলী এবং কোম্পানী কর্তৃক গৃহীত সমস্ত পৃষ্ঠাংকনের (যদি থাকে) শর্তাবলী সাপেক্ষে অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা) ভ্রমণ, যে কোন স্থানে বসবাস এবং যে কোন বৈধ পেশা গ্রহণ করতে পারবেন।

৪) **কিস্তির অর্থ প্রদান (Payment of Premium)** ঃ প্রিমিয়ামের অর্থ প্রেরণের কোন খরচ থাকলে সে খরচ অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা) প্রদান করবেন। ডাকযোগে প্রিমিয়ামের কিস্তির অর্থ প্রেরণ করা হলে সেক্ষেত্রে কোম্পানী কর্তৃক অর্থ প্রাপ্তির তারিখই কিস্তি পরিশোধের দিন হিসাবে গণ্য হবে।

৫) **কিস্তির অর্থ গ্রহণ (Receive of Premium)** ঃ কোম্পানী অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-র নিকট থেকে দু'টি তহবিলের জন্য প্রিমিয়ামের কিস্তির অর্থ গ্রহণ করবে। যথা ঃ মুদারাবা (অংশগ্রহণকারীর) হিসাব ও তাবাররু (অনুদান) হিসাব। তাবাররু হিসাবে জমার পরিমাণ এ্যাকচ্যুয়ারী কর্তৃক নির্ধারিত হবে।

৬) **প্রদেয় অর্থের রশিদ (Premium Receipt)** ঃ কেবলমাত্র কোম্পানী কর্তৃক-মুদ্রিত এবং যথাযথ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরযুক্ত রশিদই কোম্পানীর পক্ষ থেকে বৈধ রশিদ হিসেবে গণ্য হবে। অন্য কোন কাগজপত্র বৈধ হিসেবে গণ্য হবে না।

৭) **অনুগ্রহকাল (Days of Grace)** ঃ অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা) শর্তানুসারে কিস্তির অর্থ প্রদানের নির্দিষ্ট তারিখ অতিবাহিত হওয়ার পর মাসিক কিস্তির ক্ষেত্রে ১৫ (পনের) দিন এবং অন্যান্য বীমার ক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন অনুগ্রহ সময় পাবেন। যদি কিস্তির অর্থ পরিশোধের পূর্বে অথবা অনুগ্রহকালের মধ্যে অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-র মৃত্যু হয়, তাহলেও বীমাটি কার্যকর বলে গণ্য হবে এবং তার মনোনীত ব্যক্তি (গণ)-কে চুক্তির শর্ত মোতাবেক বীমার অর্থ প্রদান করা হবে, তবে পরিশোধযোগ্য বকেয়া কিস্তির অর্থ কর্তন করা হবে। অনুগ্রহকালের মধ্যে কিস্তির অর্থ জমা দেয়া না হলে "বিচ্যুতি" ঘটেছে বলে বিবেচিত হবে।

৮) **বিলম্বে প্রিমিয়াম জমা দেওয়ার ক্ষেত্রে বিলম্বিত সময়ের বোনাস কর্তন (Deduction of Bonus in case of Late Permium Payment)** ঃ অনুগ্রহকাল অতিক্রান্ত হওয়ার পর বিলম্বে প্রিমিয়ামের টাকা জমা দেওয়া হলে বিলম্বে প্রিমিয়াম জমা দেওয়ার জন্য মেয়াদ শেষে আনুপাতিক হারে ঐ সময়ের বোনাস কর্তন করা হবে।

৯) **তামাদি বীমা (Time Barred Policy)** ঃ

(ক) অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা) **অনুগ্রহকালের মধ্যে কিস্তির অর্থ পরিশোধ** করতে ব্যর্থ হলে বীমাটি তামাদি **(Time Barred)** বলে গণ্য হবে।

(খ) অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-র বীমাটি তামাদি **(Time Barred)** হওয়ার পর উক্ত অবস্থায় অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)র মৃত্যু হলে তার মনোনীত ব্যক্তি (গণ)-কে **তাবাররু হিসাব হতে কোন আর্থিক সুবিধা প্রদেয় হবে না।** তবে দুই বৎসর প্রিমিয়াম প্রদানের পর তামাদি অবস্থায় মৃত্যু হলে ননফরফিচার অপশনের শর্ত সাপেক্ষে পেইড-আপ ভ্যালু প্রদেয় হবে।

১০) **তামাদি বীমা পূনর্বহাল পদ্ধতি (Time Barred Policy Revival Procedure)** ঃ

(ক) সাধারণ পূনর্বহাল পদ্ধতি **(Ordinary Revival Procedure)** ঃ তামাদি বীমা পূনর্বহাল করতে চাইলে পরবর্তী ৫(পাঁচ) বছরের মধ্যে যে কোন সময় নিজ ব্যয়ে বীমা যোগ্যতার সন্তোষজনক প্রমাণ ও সকল কিস্তির অর্থ পরিশোধ করে বীমাটি পূনর্বহাল করা যাবে।

(খ) **বিশেষ পুনর্বহাল পদ্ধতি (Special Revival Procedure)** ঃ সমর্পণ মূল্য অর্জনের পূর্বে যদি অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-র বীমাটি তামাদি হয়ে যায় তবে সেক্ষেত্রে প্রিমিয়াম প্রদান বন্ধের তারিখ থেকে ৫ (পাঁচ) বছরের মধ্যে বিশেষ পুনর্বহাল পদ্ধতি গ্রহণ করার সুযোগ থাকবে। এ জন্য বীমাযোগ্যতার সন্তোষজনক প্রমাণ অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-র নিজ উদ্যোগ ও ব্যয়ে কোম্পানীর নিকট প্রদান করতে হবে। এই ব্যবস্থায় বীমাটির কার্যকারিতা শুরু দিন এবং পূর্ণতা প্রাপ্তির সময় এগিয়ে দিয়ে যথাযথ পুনর্বহাল মাশুল ও অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)র বর্ধিত বয়সের জন্য প্রযোজ্য প্রিমিয়ামের কিস্তির অতিরিক্ত অর্থ প্রদান করে বীমাটি পুনর্বহাল করা যাবে।

১১) **জমাকৃত কিস্তির অর্থ বাজেয়াপ্ত না হওয়া (Non Forfeiture of Deposited Premium)** ঃ বীমা পলিসিটি সমর্পণ ও নগদ মূল্য অর্জনের পর অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-র মুদারাবা হিসেবে জমাকৃত অর্থ কোন অবস্থায় সম্পূর্ণ বাজেয়াপ্ত হবে না।

১২) **জমাকৃত অর্থ ফেরত প্রদান (Refund of Premium)** ঃ

(ক) অনুদান (তাবাররু) তহবিলে জমাকৃত অর্থ অংশগ্রহণকারীর মেয়াদ পূর্তির পূর্বে মৃত্যু হলে তার ক্ষতিগ্রস্ত উত্তরাধিকারীদের সাহায্য করার জন্য সংরক্ষিত থাকবে।

(খ) দু'বছরের পূর্ণ কিস্তির প্রিমিয়াম জমা দেয়ার পর ১৯ নম্বর শর্ত মোতাবেক অংশগ্রহণকারীর হিসাবে জমাকৃত অর্থ ফেরত দেয়া হবে।

১৩) **বয়স প্রমাণ (Proof of Age)** ঃ বীমার আওতায় কোন প্রকার সুবিধা প্রদানের পূর্বে অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-র বয়স কোম্পানীর নিকট সন্তোষজনক প্রমাণ করতে হবে। বয়স নির্ধারণে কোন প্রকার গরমিল বা ভুল থাকলে তাবাররু কিস্তির অংক পুনঃনির্ধারণ করা হবে। অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা) কর্তৃক বয়স প্রমাণের জন্য যে বিবরণ দেয়া হয়েছে তা যদি সাত বৎসর বা ততোধিক কম/বেশি হয় এবং এতটা কম/ বেশী উল্লেখ করা হয়েছে যে, পলিসি শুরুর তারিখে তার প্রকৃত বয়স জ্ঞাত থাকলে অবলিখনজনিত অসুবিধার কারণে কোম্পানী প্রস্তাবপত্রটি গ্রহণ করতেন না অথবা অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা) যদি কোন গুরুত্বপূর্ণ তথ্য গোপন করে থাকেন তবে মৃত্যুর ক্ষেত্রে কোম্পানীর পক্ষ থেকে অতিরিক্ত সুবিধা (তাবাররু অংশ হতে) প্রদানের শর্ত কার্যকর হবে না এবং জীবিতের ক্ষেত্রে বীমা চুক্তিটি বাতিল হয়ে যাবে এবং বীমা সংগ্রহ ব্যয় ও সার্ভিস চার্জ কর্তন করে মুদারাবা অংশের টাকা ফেরত প্রদান করা হবে।

১৪) **দাবী পরিশোধ (Settlement of Claim)** ঃ অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-র বয়স প্রমাণ, মৃত্যু ও স্বত্ব নির্ধারণপূর্বক দাবীসমূহ যথা শীঘ্র সম্ভব কোম্পানীর প্রধান কার্যালয় অথবা কোম্পনীর নির্ধারিত কার্যালয় থেকে পরিশোধ করা হবে।

১৫) **আত্মহত্যা (Suicide)** ঃ বীমা গ্রহণের বা সচলের এক বছরের মধ্যে কোন অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা) আত্মহত্যা জনিত কারণে মৃত্যুবরণ করলে কোন দাবী প্রদান করা হবে না।

১৬) **খুন (Murder)** ঃ বীমার সুবিধাদি যার প্রাপ্য তার ইচ্ছাকৃত কোন কার্যের ফলে যদি অংশ গ্রহণ কারী (বীমাগ্রহীতা)-র মৃত্যু ঘটে, সে প্রাপক বীমা অংকের উপর তার অধিকার হারাবেন। তবে উক্ত বীমা অংক পলিসির অপর প্রাপক (গণ) অথবা আইনানুগভাবে দাবী করতে পারেন এমন ব্যক্তি (গন)-এর বরাবরে পরিশোধযোগ্য হবে।

১৭) **মনোনীত ব্যক্তি (Nominee)** ঃ পলিসির মেয়াদ পূর্তির পূর্বে অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-র মৃত্যু হলে বীমা আইন ২০১০-এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী পলিসিতে মনোনীত ব্যক্তি (গণ)-কে বীমার অর্থ প্রদান করা হবে। মনোনীত ব্যক্তি (গণ) নিজ দায়িত্বে গৃহীত অর্থ ফরায়েজ/উত্তরাধিকার আইন অনুসারে সকল ওয়ারিশগণের মধ্যে বন্টন করবেন। মনোনয়ন না থাকলে আইনানুগ উত্তরাধিকারী (গণ)-কে বীমার অর্থ প্রদান করা হবে।

১৮) **মনোনয়ন স্বত্ব প্রাপ্তির সনদ (Evidence of Nomination)** ঃ মনোনয়ন প্রদান, বাতিল ও পরিবর্তন সম্পর্কে বিজ্ঞপ্তির তারিখ ও বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত জানিয়ে সনদপত্র কোম্পানীর প্রধান কার্যালয়ে পাঠাতে হবে। কোম্পানী সনদপত্র প্রাপ্তির পর চিঠি প্রদান করবে, যার প্রতিলিপি কোম্পানীর দপ্তরে যথাযথভাবে সংরক্ষিত থাকবে। প্রতিটি মনোনয়ন ২০১০ সনের বীমা আইনের ধারা ৫৭-এর আওতায় যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। কোন স্বত্ব নথিভূক্ত করার সময় কোম্পানী কোন প্রকার দায়-দায়িত্ব বহন করবে না। কিংবা এ শর্তের আইনগত কার্যকারিতা সম্বন্ধে কোন প্রকার বক্তব্য প্রদান করবে না।

১৯) **সমর্পণ মূল্য (Surrender Value)** ঃ সমর্পণ মূল্য অর্জনের জন্য দেশের প্রচলিত বীমা আইন ও বিধি অনুযায়ী নিয়মিত প্রিমিয়াম প্রদানের মাধ্যমে বীমা পলিসির দু'বছর চালু থাকতে হবে। পলিসিতে ভিন্নভাবে উল্লেখিত না থাকলে লিখিত অনুরোধে এরূপ অর্জিত সমর্পণ মূল্য অবহিত করা হবে।

২০) **কর্জে হাসানাহ প্রদান ও অর্থ বিনিয়োগ (Loan and Investment)** ঃ সুদভিত্তিক ঋণ/বিনিয়োগ এর কোন ব্যবস্থা কোম্পানী গ্রহণ করবে না। বিশেষ ক্ষেত্রে বীমা আইন ২০১০-এর বিধান অনুযায়ী এবং শরীয়াহ্ অনুমোদিত পন্থায় ঋণ প্রদান করা হবে। অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা) যদি কর্জে হাসানাহ/বিনিয়োগ সুবিধা গ্রহণ করতে চান তবে তাকে সে সুযোগ দেয়া হবে যা বীমা পলিসির সমর্পণ মূল্যের সর্বোচ্চ ৯০% পর্যন্ত প্রদান করা যেতে পারে।

২১) **মুনাফা বন্টন (Distribution of Profit)**

(ক) মুদারাবা হিসাবে বিনিয়োগকৃত অর্থের মুনাফা অংশীদারিত্বের ভিত্তিতে অংশগ্রহণকারীর লভ্যাংশ ৯০% এর কম হবে না।

(খ) ভবিষ্যতের জন্য একটি স্থায়ী তাবাররু (অনুদান) তহবিল গড়ে তোলার উদ্দেশ্যে তাবাররু (অনুদান) তহবিলের বিনিয়োগকৃত অর্থের মুনাফা উক্ত তহবিলে জমা করা হবে।

২২) **বীমা দলিল হারিয়ে যাওয়া (Loss of Policy Document)** ঃ কোন প্রকার দায় পরিশোধের পূর্বে বীমার দলিলপত্র (Document) অবশ্যই কোম্পানীর প্রয়োজন হবে। যদি বীমার দলিলপত্র হারিয়ে যায় কিংবা ক্ষতিগ্রস্ত হয় তবে অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-কে সঙ্গে সঙ্গে কোম্পানীর ঢাকাস্থ প্রধান কার্যালয়ে অবহিত করতে হবে। নথিভূক্ত করার জন্য বীমা দলিলের প্রতিলিপি কোম্পানী নির্ধারিত মাশুল (Fee) প্রাপ্তির পর সরবরাহ করা হবে। কোম্পানীর নির্দিষ্ট নিয়ম এবং আইনগত আনুষ্ঠানিকতা পালন পূর্বক অংশগ্রহণকারী (বীমাগ্রহীতা)-র নিজ খরচে কোম্পানী কর্তৃক যথারীতি বীমা ষ্ট্যাম্প সম্বলিত ডুপ্লিকেট বীমা দলিল প্রদান করা হবে।

বীমা গ্রাহকের জ্ঞাতব্য

প্রিমিয়াম কোম্পানীর নিকটবর্তী অফিসের ক্যাশিয়ারের নিকট/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে। প্রিমিয়াম জমা দিয়ে নির্দিষ্ট রসিদ সংগ্রহ করুন। প্রিমিয়াম জমা পরীক্ষার জন্য কোম্পানীর ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা/অফিস কর্তৃক চাহিদানুযায়ী জমা রসিদ দেখাতে/সরবরাহ করতে আপনাকে অনুরোধ করা হচ্ছে। আপনি নিজেও নিকটবর্তী সংশ্লিষ্ট জোন অফিস/সাংগঠনিক অফিস/সার্ভিসিং সেন্টার অথবা হেড অফিস থেকে/কোম্পানীর ওয়েবসাইটে পলিসি নম্বর লিখে আপনার সুবিধামত সময়ে পলিসি ষ্টেটমেন্ট পরীক্ষা করিয়ে নিতে পারেন।

পুরুষ/মহিলা জীবনের জন্য বিশেষ শর্তাবলী

পূর্বস্বত্ব ধারা

এখানে যা কিছু থাকুক না কেন তার পরিপন্থী হলেও, এই মর্মে সম্মতি প্রদান ও ঘোষণা করা যাচ্ছে যে, পলিসির মেয়াদের প্রথম --------- বছরের মধ্যে বীমা গ্রাহকের মৃত্যুতে মৃত্যুজনিত দাবী বীমা অংক বা বীমা ঝুঁকি অংকের শতকরা ---------- ভাগ কম পরিশোধ করা হবে।

ক্রমহ্রাসমান পূর্বস্বত্বের ক্ষেত্রে ১ম/২য়/৩য়/৪র্থ পলিসি বর্ষে বীমা গ্রাহকের মৃত্যুর ক্ষেত্রে মৃত্যুজনিত দাবী হিসেবে বীমা অংকের/বীমা ঝুঁকি অংকের প্রতি হাজারে যথাক্রমে ২০%/৪০%/৬০% ও ৮০% প্রদান করা হবে। ৪র্থ বর্ষ সমাপ্ত হওয়ার পর ও পরবর্তী যে কোন সময় বীমা গ্রাহকের মৃত্যুতে মৃতুজনিত দাবী হিসেবে বীমা অংক প্রদান করা হবে।

ক্রমহ্রাসমান পূর্বস্বত্বের ক্ষেত্রে ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম/৬ষ্ঠ/৭ম পলিসি বর্ষে বীমা গ্রাহকের মৃত্যুর ক্ষেত্রে মৃত্যুজনিত দাবী হিসেবে বীমা অংকের/বীমা ঝুঁকি অংকের প্রতি হাজারে যথাক্রমে ১২.৫%/২৫%/৩৭.৫% /৫০% /৬২.৫/৭৫%/৮৭.৫% প্রদান করা হবে। ৭ম বর্ষ সমাপ্ত হওয়ার পর ও পরবর্তী যে কোন সময় বীমা গ্রাহকের মৃত্যতে মৃতুজনিত দাবী হিসেবে বীমা অংক প্রদান করা হবে।

প্রথম গর্ভধারণ জনিত উপধারা

বীমা ঝুঁকি শুরুর তারিখ থেকে বীমার মেয়াদের যেকোন সময় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্ট প্রথম গর্ভধারণজনিত কারণে মহিলা বীমা গ্রাহকের মৃত্যুতে কোম্পানির দায় প্রথম বছরের প্রিমিয়াম বাদে অবশিষ্ট বছরের মূল্য প্রিমিয়াম পরিশোধের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

অপ্রাপ্ত বয়স্ক জনিত উপধারা

এখানে যা কিছু যাকুক না কেন তার পরিপন্থী হলেও, এই মর্মে সম্মতি প্রদান ও ঘোষনা করা যাচ্ছে যে, বীমা গ্রাহকের বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার পূর্বে তার মৃত্যু হলে জমাকৃত সকল মূল প্রিমিয়াম (অতিরিক্ত প্রিমিয়াম বাদে) ফেরত প্রদানের মধ্যে কোম্পানির দায় সীমাবদ্ধ থাকবে।

মুখ্য নির্বাহী কর্মকর্তা

পৃষ্ঠাংকন

প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

برائم اسلامى لائف انشورنس لميتيد

Prime Islami Life Insurance Limited

আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন

জীবন বীমা দলিল

Life Insurance Policy

বিঃ দ্রঃ

১) নিজের ও পরিবারের সদস্যদের স্বার্থ রক্ষার জন্য নিয়মিতভাবে কিস্তির অর্থ প্রদান করা প্রয়োজন।

২) শুধুমাত্র কোম্পানীর ক্যাশ কর্মকর্তার নিকট যথাযথ রশিদের বিনিময়ে কিস্তির টাকা প্রদান করতে হবে।

৩) অত্র বীমা দলিলে কোন ভুল তথ্য ধরা পড়লে ৩০ দিনের মধ্যে তা সংশোধনের নিমিত্তে কোম্পানীর প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।